

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ে তৃতীয় প্রকারের সালাত

ذِكْرُ النَّوعِ الثَّالِثِ مِنْ صَلَاةِ الْخَوْفِ

আরবী

2863 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ الضَّبِّيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ سَعِيدٍ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى بِأَصْحَابِهِ صَلَاةَ الْخَوْفِ فَرَكَعَ بِهِمَا جَمِيعًا ثُمَّ سَجَدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالصَّفُّ الَّذِي يُلُونَهُ وَالْآخَرُونَ قِيَامًا حَتَّى نَهَضَ ثُمَّ سَجَدَ أُولَئِكَ بِأَنْفُسِهِمْ سَجْدَتَيْنِ ثُمَّ تَأَخَّرَ الصَّفُّ الْمُتَقَدِّمُ فَرَكَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالصَّفُّ الَّذِينَ يُلُونَهُ فَلَمَّا رَفَعُوا رُءُوسَهُمْ سَجَدَ أُولَئِكَ سَجْدَتَيْنِ كُلُّهُمْ قَدْ رَكَعَ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَجَدَتْ لِأَنْفُسِهِمْ سَجْدَتَيْنِ وَكَانَ الْعَدُوُّ مِمَّا يَلِي الْقِبْلَةَ.

الراوي : جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2863 | خلاصة حكم المحدث: صحيح لغيره - ((التعليق على ابن خزيمة)) (1350).

বাংলা

২৮৬৩. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের নিয়ে ভীতিকালীন সালাত আদায় করেন। তিনি দুইদল সাহাবীদের সবাইকে নিয়ে রুকু’ করেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও নিকটবর্তী কাতারের সাহাবীগণ সাজদা করেন। অপর দলের সাহাবীগণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাজদা থেকে না উঠা পর্যন্ত দাঁড়িয়ে থাকেন। তারপর তারা নিজেরা দুটি সাজদা করেন। তারপর সামনের কাতারের সাহাবীগণ পিছে যান। অতঃপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও নিকটবর্তী কাতারের সাহাবীগণ রুকু’ করেন। তারপর যখন তারা মাথা উত্তোলন করেন, তখন তারা দুটি সাজদা করেন। এভাবে প্রত্যেক দল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে রুকু’ করেন। আর তারা

নিজেরা দুটি সাজদা করেন। এসময় শত্রুরা কিবলার দিকে ছিল।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১২৬০; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৫০; আবু আওয়ানা: ২/৩৬০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকু আলা সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৫০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92193>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন